



153720 - মৃতব্যক্তিকে গোসল করানোর পূর্বে ওজু করানো সুন্নত

প্রশ্ন

মৃতব্যক্তিকে গোসল করানোর পূর্বে কি ওজু করানো হবে; যত্নে জীবিত মানুষ ওজু করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সুন্নাহ হচ্ছে মৃতব্যক্তিকে গোসল করানোর পূর্বে নামাজের ওজুর মত ওজু করানো। যহেতে উম্মে আতয়িয়া (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর ময়েকে গোসল দায়ের ব্যাপারে তাদরেকে বলছেন: “আপনারা তার ডান পার্শ্ব থেকে এবং ওজু করার স্থানগুলো থেকে শুরু করবেন।” [সহিহ বুখারী (১২৫৫) ও সহিহ মুসলিম (৯৩৯)]

নবী বলেন: “এ হাদিসে মৃতব্যক্তিকে ওজু করানো মুস্তাহাব হওয়ার পক্ষ দলিল আছে। এটা আমাদের, ইমাম মালকের ও জমহুরের মাযহাব। ইমাম আবু হানফিা বলেন: মুস্তাহাব নয়।

আমাদের মাযহাব মতে, ওজু গোসলের শুরুর ক্রমে হতে হবে; যত্নে জীবিত (অপবিত্র ব্যক্তি) ব্যক্তি করে থাকে।” [শারহু মুসলিম থেকে সমাপ্ত]

তবে কুলি করানো ও নাকে পানি দিয়ে ওজু থেকে বাদ যাবে; কেবল ভজো ন্যাকড়া দিয়ে মোছাই যথেষ্ট হবে।

ইবনে কুদামা বলেন: “অধিকাংশ আলমেদের মতানুযায়ী তার (মৃতব্যক্তির) মুখে ও নাকের ছদ্রি পানি প্রবশে করা হবে না। এই অভিমত দিয়েছেন সাঈদ বনি জুবাইর, নাখাঈ, ছাওরী ও আবু হানফিা। যহেতে মুখে ও নাকে পানি প্রবশে করলে সে পানি পটে চলবে যাওয়া থেকে নিরাপদ নয়। এতে করে এটি মৃতব্যক্তির শারীরিক কাঠামো বিনষ্ট পর্ষায় পড়েছে পারে এবং কাফনের ভেতরে এ পানি বের হওয়া থেকে নিরাপদ নয়।” [আল-মুগনী (২/১৬৫) থেকে সংক্ষেপে সমাপ্ত]

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) বলেন: “যহেতে জীবিত ব্যক্তি পানি প্রবশে করলে সেটা দিয়ে সে কুলি করে এবং সেটা ফলে দিয়ে ও পানিটা বের হয়ে যায়। আর মৃতব্যক্তির মুখে পানি ঢাললে সে পানি তার পটে চলবে এবং এতে করে হতে পারে এ পানি স্থির কিছুকি নাড়িয়ে দিবে। একই কথা বলবে নাকে পানি দিয়ে ক্ষতেরও। মৃতব্যক্তি নাকে পানি টেনে নতি পারে না এবং নাক থেকে পানি ফলে দিতে পারে না। সে কারণে আমরা বলব: তার মুখে ও নাকে পানি প্রবশে করাবেন না।” [আশ-শারহুল মুমতি (৫/১৩১) থেকে সমাপ্ত]



শাইখ মুহাম্মদ আল-মুখতার আশ-শানক্বতি বলেন:

উপরোক্ত আলোচনার ভিত্তিতে: মৃতব্যক্তিকে কুলি করানো ও নাকে পানি ঢুকানোর বদলে ভজো আঙুলদ্বয় দিয়ে তার ঠোঁটদ্বয়ে পানি দিবে। অনুরূপভাবে আঙুলদ্বয় তার দুই নাকেরে ছদ্বিরে প্রবশে করাবে। গ্রন্থকার নমিনোক্ত টেক্সটে এটাই উল্লেখ করছেন: “পানিতে ভজোনো দুই আঙুল তার ঠোঁটদ্বয়েরে মাঝখানে প্রবশে করাবে এবং তার দাঁতগুলো মুছে দিবে এবং তার নাকেরে ছদ্বিরদ্বয়ে প্রবশে করাবে ও সবে দুটি পরিস্কার করে দিবে। কিন্তু সবে দুটোতে পানি প্রবশে করাবে না।” অর্থাৎ মুখে বা নাকে পানি প্রবশে করাবে না।”[যাদেরে শরাহ থেকে সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞঃ।